মন্ত্রিপরিষদ বিভাগের সেপ্টেম্বর ২০১৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **সেপ্টেম্বর ২০১৫** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২১ অক্টোবর ২০১৫**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	১৮৯	৫৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৫৪	৩১০
মোট	**১,৫০৯**	**১,১৪৩**	**৩৬৬**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১১	১২	১৭	১৬	৫৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৬২	২২	১০০	০৩	১৮৭*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	০১

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	০১	০১	অফিস সহায়ক
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০৪-০৫ সেপ্টেম্বর ২০১৫ মেয়াদে সরকারি সফরে কক্সবাজার জেলা পরিদর্শন করেন। ২। ২৯-৩০ সেপ্টেম্বর ২০১৫ মেয়াদে সরকারি সফরে বরিশাল জেলা পরিদর্শন করেন।		
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
National Integrity Strategy Support Project	৫.২২৮৪	৪.১৯৪২ (৩৩.৩%)	-	-	প্রকল্পের কাজ চলমান রয়েছে।
Improving Public Administration and Services Delivery through E-Solution – Improving GRS (Output-3)	৩.০০	০.২০ (৮%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	০০	০০	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য সম্প্রতি সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক ৪টি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে ১টি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**০০**	**৩২টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন-১২	-	-	০১	-	১১	০৩

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১	'Local Capacity Building and Community Empowerment (LCBCE)' স্থান: ভারত	১৪-১৭ সেপ্টেম্বর ২০১৫	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	এক জন (যুগ্মসচিব)
	২	'Management and Good Governance Practices in Local Government Institutions' শীর্ষক স্টাডি ট্যুর স্থান: জার্মানি, সুইজারল্যান্ড, চেক রিপাবলিক, স্পেন ও পর্তুগাল	১-১৬ সেপ্টেম্বর ২০১৫	স্থানীয় সরকার বিভাগ	এক জন (উপসচিব)
	৩	'Strengthening Local Government Institutions In Bangladesh: Towards A More Effective Accountable and Inclusive Local Governance System'-এর ওপর তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অর্জন সংক্রান্ত। স্থান: কক্সবাজার	১২-১৬ সেপ্টেম্বর ২০১৫	স্থানীয় সরকার বিভাগ	এক জন (সিনিয়র সহকারী সচিব)
দুর্নীতি দমন কমিশন	৪	অফিস ব্যবস্থাপনা	২৩ আগস্ট ২০১৫ হতে ০৩ সেপ্টেম্বর ২০১৫	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	এক জন
	৫	তথ্য অধিকার আইন	১৩ সেপ্টেম্বর ২০১৫	ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ	২৩ জন
	৬	'পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬' ও 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮'	১৩-১৭ সেপ্টেম্বর ২০১৫	দুর্নীতি দমন কমিশন	১৯ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্‌-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্‌-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্‌-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: তিন জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার তিনটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির চারটি, নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির একটি, প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১০তম সভা, জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৬তম সভা এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত সাতটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২৩টি সিদ্ধান্ত গৃহীত হয়। তারমধ্যে ১৪টি বাস্তবায়িত হয় এবং ০৯টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ-বৈঠকের সারসংক্ষেপ (কার্যবিবরণীসহ) এবং বিজ্ঞপ্তির খণ্ডগুলিতে পৃষ্ঠা নম্বর প্রদান করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট রাজনীতিবিদ সৈয়দ মহসিন আলী ১৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। সৈয়দ মহসিন আলীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে এবং তাঁর রূহের মাগফেরাত কামনা ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(৫) ১৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখে জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউএনইপি) কর্তৃক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পলিসি লিডারশিপ ক্যাটাগরিতে জাতিসংঘের পরিবেশবিষয়ক সর্বোচ্চ পদক ‘চ্যাম্পিয়নস অফ দি আর্থ’-এ ভূষিত করা হয়। একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে। এরই ধারাবাহিকতায় জাতিসংঘ পরিবেশ কর্মসূচির ‘চ্যাম্পিয়নস অফ দি আর্থ’ পদক অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(৬) ২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি, বিচারপতি মো. তাফাজ্জাল ইসলাম এবং হাইকোর্ট বিভাগের সাবেক বিচারপতি, বিচারপতি মো. আওলাদ আলি নেদারল্যান্ডসের হেগ-এ অবস্থিত স্থায়ী সালিশি আদালত-এর সদস্যপদ লাভ করেন। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং বিচারপতি মো. তাফাজ্জাল ইসলাম ও বিচারপতি মো. আওলাদ আলিকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২১ সেপ্টেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখে সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(৭) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে যোগদানের লক্ষ্যে ২৩ সেপ্টেম্বর ২০১৫ তারিখ বুধবার ০৯:৪৫ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-০১৫ ভিভিআইপি ফ্লাইট যোগে নিউ ইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) ২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ২৯টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৯) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত আগস্ট দ্বিতীয় পক্ষ ও সেপ্টেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী বরাবর প্রেরণ করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ৬টি পত্র জারি করা হয়।

(১১) নাটোরস্থ উত্তরা গণভবন দর্শনের জন্য প্রবেশমূল্য এবং অন্যান্য নন-ট্যাক্স রেভিনিউ (এনটিআর) আইটেমের পুনর্নির্ধারিত হার অর্থ বিভাগের সম্মতির আলোকে ১৫ অক্টোবর ২০১৫ তারিখ থেকে কার্যকর করার জন্য জেলা প্রশাসক, নাটোরকে নির্দেশনা প্রদান করা হয়।

(১২) মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে অনুষ্ঠিত ২৮ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এ বিভাগের ২০১৫-১৬ অর্থ-বছরের কোয়ার্টারভিত্তিক বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং ২০১৪-১৫ অর্থ-বছরের চতুর্থ কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন অনুমোদন করে অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১৩) ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে উন্নয়ন প্রকল্পে প্রতিস্থাপক পরামর্শক নিয়োগ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয় এবং ১৫ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(১৪) বিজিবি ও আরাকান আর্মির মধ্যে গুলি বিনিময় বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা, গাজীপুর, নরসিংদী, নেত্রকোণা, রাজবাড়ী, মুন্সীগঞ্জ, চট্টগ্রাম, ফেনী, চাঁদপুর, নোয়াখালী, চুয়াডাঙ্গা, যশোর, বরিশাল, দিনাজপুর এবং হবিগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) অনলাইনে মোবাইল কোর্টের তথ্য প্রদান সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের জন্য ০২ সেপ্টেম্বর ২০১৫ তারিখে প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) মোবাইল কোর্টের তথ্য অনলাইনে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) কারাগারে আটক থাকা অনূর্ধ্ব ১৬ বছরের শিশু এবং ১৬ থেকে ১৮ বছরের কিশোর/কিশোরীদের মাসিক পরিসংখ্যান বিষয়ে প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) পবিত্র ঈদ-উল-আযহা ২০১৫ উপলক্ষে দেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও কাঁচা চামড়া পাচার রোধসহ প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) গোপালগঞ্জ জেলাধীন মুকসুদপুর উপজেলায় নৌ-দুর্ঘটনায় তিনজন নিহত সম্পর্কিত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) দুর্নীতি দমন কমিশন থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৯ জন, নথিভুক্তি ৪০৭ জন এবং বিজ্ঞ আদালতে এফ.আর.টি গৃহীত হওয়ায় ২৯ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২২) বিভিন্ন আইনে ১০ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২৩) ২৮ সেপ্টেম্বর ২০১৫ থেকে ০৭ অক্টোবর ২০১৫ মেয়াদে ভারতে অনুষ্ঠেয় 'Special training of the Deputy Commissioners of Bangladesh-3rd Batch' শীর্ষক প্রশিক্ষণে যোগদানের জন্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, নেত্রকোনা, রাজবাড়ী, মুন্সীগঞ্জ, রাঙ্গামাটি, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, পাবনা, নড়াইল, সাতক্ষীরা, খুলনা, পটুয়াখালী এবং সুনামগঞ্জকে ২৬ সেপ্টেম্বর ২০১৫ তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৪) জেলা প্রশাসক, ময়মনসিংহ জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকীকে ০৪-১০ অক্টোবর ২০১৫ মেয়াদে যুক্তরাজ্যে অনুষ্ঠেয় 'Urban Development Planning & Managemen' শীর্ষক Training cum study tour-এ অংশগ্রহণের জন্য ৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(২৫) সেপ্টেম্বর ২০১৫ মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৭ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ৪ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং ১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৬) বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক বিসিএস ও অন্যান্য নিয়োগ পরীক্ষা পরিচালনার জন্য কমিটি গঠনের বিষয়ে সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় এবং ভারত থেকে আগত মুহাজিরদের মধ্যে সংশ্লিষ্ট জেলায় অধিগ্রহণ/ক্রয়কৃত জমি বন্দোবস্ত প্রদান কমিটিতে মহাজিরদের প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের বিষয়ে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি প্রদান করা হয়।

(২৭) বিলুপ্ত ছিটমহলবাসীদের উন্নয়নের বিষয়ে সকল সিনিয়র সচিব/সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) নির্দিষ্ট স্থানে পশু জবাই/কোরবানি করা এবং মানবস্বাস্থ্যের জন্য ক্ষতিকর স্টেরয়েড/হরমোন/ক্ষতিকর উপাদান দিয়ে পশু মোটাতাজাকরণ প্রতিরোধের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) 'বিশ্ব বসতি দিবস', 'জাতীয় উৎপাদনশীলতা দিবস' ও 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস, ২০১৫' উদ্‌যাপনের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশন চলাকালে বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক অর্জন সংক্রান্ত প্রচারণার বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪ শতাংশ অর্থ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদানের বিষয়ে সকল জেলা প্রশাসক বরবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) বাল্যবিবাহ প্রতিরোধে গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক আয়োজিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) হিজড়া জনগোষ্ঠীর মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়নের বিষয়ে সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) স্বাধীনতা পুরস্কার মনোনয়ন আহ্বানের জন্য মুখ্যসচিব, সিনিয়র সচিব, সচিব ও ভারপ্রাপ্ত সচিবগণের নিকট স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি প্রেরণ করা হয়।

(৩৫) একুশে পদক ২০১৫-এর মনোনয়ন বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল বাস্তবায়নের কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত পরামর্শ কর্মশালা ১৪-২২ সেপ্টেম্বর ২০১৫ মেয়াদে অনুষ্ঠিত হয়।

(৩৭) 'Technical analysis on digital birth registration' শীর্ষক গবেষণার পরামর্শ কর্মশালা ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়।

(৩৮) ১০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত কারিগরি কমিটির সভা এবং ১৪ সেপ্টেম্বর ২০১৫ তারিখে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৩৯) ১৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখে 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শিক্ষা প্রতিষ্ঠানগুলির ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

(৪০) ২০ সেপ্টেম্বর ২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

(৪১) সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির সভায় অনুমোদিত মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন অধিদপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৪২) ২০১৫-১৬ অর্থ-বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি 'Strategy Support Project Integrity National' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের অনুকূলে আরও ৩২৪.০০ লক্ষ টাকা প্রকল্প সাহায্য বরাদ্দ ও অন্তর্ভুক্তি পত্র পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(৪৩) সেপ্টেম্বর ২০১৫ মাসে সর্বমোট ৩টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়।

(৪৪) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ সংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয়ে নিয়মিত প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৪৫) সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নে অনলাইন সেবা চালুকরণ এবং সেবা প্রক্রিয়া সহজীকরণ বিষয়ে এটুআই-বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৬) সিটিজেনস চার্টার প্রণয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী এবং সিটিজেনস চার্টার-এর খসড়া কাঠামো সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৪৭) ‘Improving Public Administration and Services Delivery through E-Solutions’ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির নবম সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (অক্টোবর-নভেম্বর) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন জুলাই-সেপ্টেম্বর ২০১৫ মেয়াদে মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৯) ‘Social Security Policy Support (SSPS) Programme’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম।

(১০) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১১তম সভা অনুষ্ঠান।

(১১) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন।

(১২) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্ক ফোর্স কমিটির ১৭৭তম সভা অনুষ্ঠান।

(১৩) স্বাধীনতা পুরস্কার, ২০১৬-এর কার্যাবলি সম্পাদন।

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd